বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
"কৃষি ভবন"
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
(মহা-ব্যবস্থাপক (বীজ) এর দপ্তর)

স্মারক নং ঃ ১মব্য(বীজ)৫১(অংশ-৯)/২০০৬-০৭/১০২৫(৩০)

তারিখ ঃ ১৩/০২/০৭ ইং

বিষয় ঃ **কৃষি মন্ত্রণালয়ে ০৭/০২/২০০৭ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৩৯তম সভার কার্য বিবরণী।**

এতদসঙ্গে বর্ণিত বিষয়ের কার্য বিবরণী প্রেরণ করা হ'ল।

সংযুক্তি ঃ সভার কার্য বিবরণী।

(মোঃ শাহাবউদ্দিন)
মহা-ব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা
ও
সদস্য-সচিব, সীড প্রমোশন কমিটি

অনুলিপি বিতরণ (কার্য বিবরণী সংযুক্ত) ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৩। যুগ্ম-সচিব (কৃষি শিক্ষা ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৪। মহাপরিচালক (বীজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহা-ব্যবস্থাপক (পাট বীজ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৬। পরিচালক (সরেজমিন উইং), ডিএই, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৭। পরিচালক (গবেষণা), বিআরআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৮। পরিচালক (গবেষণা), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৯। পরিচালক (কৃষি), বিজেআরআই, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
১০। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
১১। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১২। প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ, কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০।
১৩। পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা কেন্দ্র, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
১৪। পরিচালক (উদ্ভিদ সংরক্ষণ উইং), ডিএই, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১৫। অতিরিক্ত মহা-ব্যবস্থাপক (বীবি/খামার/কঃ গ্রোঃ/বীপ্রস), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৬। প্রকল্প পরিচালক (অধিক বীজ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৭। প্রকল্প ব্যবস্থাপক (বীআমক), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৮। সভাপতি, সীড ফেডারেশন অব বাংলাদেশ, এসআইডি প্রজেক্ট, ৩য় বিল্ডিং, ৭ম ফ্লোর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
১৯। জনাব গিয়াস উদ্দিন আহমেদ, চেয়ারম্যান, সেন্টার ফর এগ্রো-টেকনোলজী ডেভেলপমেন্ট, ৬০ গ্রীন রোড, ঢাকা (প্রতিনিধি, এনজিও সীড ফোরাম)।

সানুগ্রহ জ্ঞাতার্থে অনুলিপি বিতরণ ঃ

১। মহাপরিচালক, ডিএই, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
২। মহাপরিচালক, বিআরআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৩। মহাপরিচালক, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৪। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা কেন্দ্র, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
৫। মহাপরিচালক, বিজেআরআই, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৬। চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা-১০০০।
৭। ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

D:\WP_04\Meeting.doc

# গত ০৭/০২/২০০৭ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির
## ৩৯তম সভার কার্য বিবরণী

সীড প্রমোশন কমিটির ৩৯তম সভা গত ০৭/০২/০৭ ইং তারিখ সকাল ১১ ঘটিকায় কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) সভাপতিত্ব করেন। পরিশিষ্ট-ক তে উল্লিখিত কর্মকর্তা/প্রতিনিধিগণ সভায় উপস্থিত ছিলেন।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব ও মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকাকে অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে সদস্য-সচিব আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়াদি উপস্থাপন করেন ঃ

আলোচ্য সূচী-১ ঃ ১৩/৯/০৬ ইং তারিখে অনুষ্ঠিত ৩৮তম সভার কার্য বিবরণী অনুমোদনের প্রস্তাব।

৩৮তম সভার কার্যবিবরণী ১৮/৯/০৬ ইং ১মব্যঃ(বীজ)৫১(অংশ-৯)২০০৬-০৭/৪৪১(৩০) নং স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যগণের নিকট পাঠানো হয়। উক্ত কার্য বিবরণীর ব্যাপারে কারো কোন মতামত আছে কিনা জানতে চাইলে ড. মোঃ আজিজুর রহমান, মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএআরআই জানান, বিএডিসি'র চাহিদা মোতাবেক ২০০৭-০৮ উৎপাদন বর্ষে বোরো ধানের ব্রিডার বীজ সরবরাহ করা যাবে কিন্তু গমের ব্রিডার বীজ সরবরাহ করা সম্ভব হবে না। এ ব্যাপারে তিনি আরো জানান যে, আগামী উৎপাদন মৌসুমে ১৫,০০০ কেজি বিভিন্ন জাতের ব্রিডার গম বীজ বিএডিসি'কে সরবরাহ করা সম্ভব হবে। এছাড়া কারো কোন মতামত/মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সদস্যবৃন্দের পক্ষ থেকে কোন প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর মহা-ব্যবস্থাপক (বীজ) সীড প্রমোশন কমিটির ৩৮তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

**আলোচ্য সূচী-২ ঃ গত ১৩/৯/০৬ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৩৮তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।**

বিগত ১৩/৯/০৬ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৩৮তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবয়নের অগ্রগতি নিম্নে বর্ণিত হলো ঃ

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| ০২ | **আলোচ্যসূচী ঃ ২০০৬-০৭ মৌসুমের জন্য জাতওয়ারী বোরো বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ।**<br>সিদ্ধান্ত ঃ ২০০৬-০৭ উৎপাদন মৌসুমে সংস্থার খামারে ২,২০০ মে. টন ভিত্তি ও চুক্তিবদ্ধ চাষী জোনসমূহের মাধ্যমে ২৬,৭১০ মে. টন প্রত্যায়িত/মানঘোষিত বোরো ধান বীজ উৎপাদন করবে। দায়িত্ব ঃ বিএডিসি। | ক) বীজ উৎপাদন খামার ও জোনসমূহে চারা রোপন কাজ চলছে।<br>খ) বাংলাদেশ ধান গবেষণা প্রতিষ্ঠান থেকে ২০০৬-০৭ সালের জন্য ১৬০৫০ কেজি ব্রিডার বীজ পাওয়া গিয়েছে এবং ২০০৭-০৮ সালের জন্য ২২,০০০ কেজি ব্রিডার বীজের চাহিদা প্রেরণ করা হয়েছে।<br>গ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠানকে নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনীর আয়োজনের জন্য অনুরোধ করা হয়েছে।<br>ঘ) কৃষি তথ্য সার্ভিসকে কর্মসূচী অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রির জন্য ক্যাম্পেন আকারে প্রচারণার কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়নের অনুরোধ করা হয়েছে।<br>ঙ) 'ব্রি'-এর প্রতিনিধি সভায় জানান যে, চাহিদাকৃত ব্রিডার বীজ ধান সরবরাহ করা সম্ভব হবে। |
| | **বিষয় ঃ ২০০৬-০৭ উৎপাদন মৌসুমের জন্য বীজের আপৎকালীন মজুদ কর্মসূচীর অধীন বোরো ধানবীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।** | বীজ উৎপাদনকারী জোনসমূহে চারা রোপন কাজ চলছে। |

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| | সিদ্ধান্ত ঃ বীজের আপৎকালীন মজুদ ও তার ব্যবস্থাপনা কর্মসূচীতে ২০০৬-০৭ সালে বিআর-২৬ জাতের ২০০ মে. টন, ব্রিধান-২৮ জাতের ১,৫০০ মে. টন ও ব্রিধান-২৯ জাতের ২,১০০ মে.টন মোট ৩,৮০০ মে. টন বোরো ধানবীজ উৎপাদন ও সংগ্রহ করবে। দায়িত্ব ঃ বিএডিসি। | |
| | **বিষয় ঃ ২০০৬-০৭ উৎপাদন মৌসুমের জন্য জাতওয়ারী গমবীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**<br>সিদ্ধান্ত ঃ ২০০৬-০৭ উৎপাদন মৌসুমে বিএডিসি'র খামারে ৬৪৫ মে. টন ভিত্তি, চুক্তিবদ্ধ চাষী জোনসমূহের চাষীদের মাধ্যমে ৯৩২ মে. টন ভিত্তি, ৩,৯৪০ মে. টন প্রত্যায়িত ও ১৬,৩৮৩ মে. টন মানঘোষিতসহ মোট ২১,৯০০ মে. টন গমবীজ উৎপাদন করবে। দায়িত্ব ঃ বিএডিসি। | ১) বীজ উৎপাদন খামার ও চুক্তিবদ্ধ চাষী জোনসমূহে বীজ বপন কাজ শেষ হয়েছে।<br>২) বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান থেকে ২০০৬-০৭ সালের জন্য ৯,৮০০ কেজি ব্রিডার গমবীজ পাওয়া গিয়েছে। ২০০৭-০৮ সালের জন্য ৯০,০০০ কেজি ব্রিডার গমবীজের চাহিদা দেওয়া হয়েছে।<br>৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠানকে নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনীর আয়োজনের জন্য অনুরোধ করা হয়েছে।<br>৪) কৃষিতথ্য সার্ভিসকে কর্মসূচী অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রির জন্য 'ক্যামপেন' আকারে প্রচারণার অনুরোধ করা হয়েছে। |
| | **বিষয় ঃ ২০০৬-০৭ উৎপাদন মৌসুমের জন্য বীজের আপৎকালীন মজুদ কর্মসূচীর অধীন গম বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**<br>সিদ্ধান্ত ঃ বীজের আপৎকালীন মজুদ ও তার ব্যবস্থাপনা কর্মসূচীতে ২০০৬-০৭ মৌসুমে শতাব্দী জাতের ১,৪০০ মে. টন ও প্রতিভা জাতের ৭০০ মে. টন মোট ২,১০০ মে. টন গমবীজ উৎপাদন করবে। দায়িত্ব ঃ বিএডিসি। | বীজ উৎপাদনকারী জোনসমূহে বীজ বপন কাজ শেষ হয়েছে। |

**আলোচ্য সূচী-৩ ঃ ২০০৭-০৮ মৌসুমের জন্য আউশ ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**

বিষয়টির ব্যাপারে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | ২০০৭-০৮ মৌসুমের জন্য আউশ ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | বিএডিসি ২০০৪-০৫ ও ২০০৫-০৬ মৌসুমে যথাক্রমে ৪৫৮ মে. টন ও ৪৭২ মে. টন আউশ ধানবীজ বিতরণ করেছে এবং বর্তমান ২০০৬-০৭ মৌসুমে বিতরণের জন্য ৭৩০ (৬০ টন ভিত্তি ও ৬৭০ টন প্রত্যায়িত/ মানঘোষিত) টন আউশ বীজ মজুদ রাখা হয়। ২০০৬-০৭ মৌসুমে বোরো বীজের অতিরিক্ত চাহিদার প্রেক্ষিতে আউশ বীজের মজুদ থেকে ২০৩ মে. টন বীজ বোরো মৌসুমে সরবরাহ করা হয়েছে। অবশিষ্ট ৪৬৭ মে. টন প্রত্যায়িত/ মানঘোষিত আউশ ধানবীজ ২০০৬-০৭ মৌসুমে সরবরাহ করা হবে। তাছাড়া বিএডিসি'র খামারে উৎপাদিত ৬৫ মে. টন ভিত্তি আউশ বীজ ২০০৭-০৮ সালে প্রত্যায়িত/মানঘোষিত আউশ ধানের বীজ উৎপাদনের জন্য ব্যবহৃত হবে এবং বিভিন্ন সরকারী ও বেসরকারী বীজ | (১) বিএডিসি ২০০৭-০৮ উৎপাদন মৌসুমে ১০০ মে. টন ভিত্তি, ৬১০ মে. টন প্রত্যায়িত এবং ৩০ মে. টন মানঘোষিতসহ মোট ৭৪০ মে. টন আউশ ধানবীজ উৎপাদন করবে (বিস্তারিত পরিশিষ্ট-'খ')।<br>(২) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ২০০৭-০৮ ও ২০০৮-০৯ সালে ৮টি জাতের যথাক্রমে ১,০০০ ও ১,০০০ কেজি ব্রিডার আউশ | বিএডিসি।<br><br>বিআরআরআই |

Hossain

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | উৎপাদনকারী প্রতিষ্ঠানের চাহিদা পূরণ করা হবে। ২০০৭-০৮ সালের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে আউশ বীজের চাহিদা রয়েছে ২,৫০০ মে. টন। **কৃষি মন্ত্রণালয় হতে দেশে বীজ সরবরাহ পরিকল্পনা অনুযায়ী ২০০৭-০৮ সালে বিএডিসি'র জন্য ১,১০০ মে. টন (৬০ টন ভিত্তি ও ১,০৪০ টন প্রত্যায়িত/মানঘোষিত) আউশ ধানবীজ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে।** প্রসঙ্গত উল্লেখ্য যে, আউশ বীজের চাহিদা ক্রমান্বয়ে কমে আসছে। **বিএডিসি ২০০৭-০৮ উৎপাদন** মৌসুমে সংস্থার খামারসমূহের মাধ্যমে ১০০ মে. টন ভিত্তি, ৬১০ মে. টন প্রত্যায়িত এবং বীজ উৎপাদন চাষী জোনসমূহের মাধ্যমে ৩০ মে. টন মানঘোষিত আউশ ধানবীজ উৎপাদনের প্রস্তাব করছে। | বীজ বিএডিসি'কে সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট-'খ')।<br>(৩) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচী অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য 'ক্যাম্পেন' আকারে প্রচারণার কর্মসূচী গ্রহণ করবে। | এআইএস |
| ০৪ | ২০০৭-০৮ মৌসুমের জন্য পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | বিএডিসি ২০০৪-০৫ ও ২০০৫-০৬ মৌসুমে যথাক্রমে মোট ১৬১ ও ৪৬৭ মে. টন দেশী ও তোষা পাট বীজ বিতরণ করেছে। ২০০৬-০৭ মৌসুমে দেশী জাতের ৫৭০ মে. টন এবং তোষা জাতের ৫৩৯ মে. টনসহ মোট ১,১০৯ মে. টন পাট বীজ সংগ্রহ করা সম্ভব হবে। সংগৃহীত পাট বীজের মধ্যে ৮৭০ মে. টন নিজস্ব টাকায় সংগ্রহ সম্ভব হবে বাকী ২৩৯ মে. টনের জন্য ১৭৯ লক্ষ টাকার প্রয়োজন হবে। সংস্থার পাট বীজ বিভাগের পিপিতে এই টাকার সংস্থান রাখা হয়নি। এ ব্যাপারে সভাপতি মহোদয় বিএডিসি'র নিজস্ব তহবিল থেকে আভ্যন্তরীণ ব্যবস্থাপনায় উল্লিখিত ২৩৯ মে. টন পাট বীজ সংগ্রহের জন্য পরামর্শ রাখেন এবং পরবর্তীতে পাট বীজ বিভাগের পিপিতে উল্লিখিত টাকার সংস্থান রেখে অর্থ মন্ত্রণালয়ে টাকা সংস্থানের জন্য লিখতে বলেন। সংগৃহীত পাট বীজ ২০০৬-০৭ উৎপাদন মৌসুমে বিতরণের ব্যবস্থা নেয়া হবে। পাট বীজ প্রকল্পের পিপি অনুযায়ী ২০০৭-০৮ মৌসুমে ১,২৫০ মে. টন (৬০০ টন দেশী ও ৬৫০ টন তোষা) প্রত্যায়িত/মানঘোষিত পাট বীজ উৎপানের লক্ষ্যমাত্রা রয়েছে। উল্লেখ্য, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে ২০০৭-০৮ ও ২০০৮-০৯ বিতরণ মৌসুমের জন্য যথাক্রমে ১,০০৫ ও ১,০০৫ মে. টন করে পাট বীজের চাহিদা রয়েছে। কৃষি মন্ত্রণালয় হতে দেশে বীজ সরবরাহ পরিকল্পনা অনুযায়ী ২০০৭-০৮ মৌসুমে বিএডিসি'র জন্য ভিত্তি ৭৭ মে. টন ও প্রত্যায়িত ১২৫০ মে. টন প্রত্যায়িতসহ মোট ১,৩২৭ মে. টন পাট বীজ সরবরাহের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। | (১) বিএডিসি ২০০৭-০৮ উৎপাদন মৌসুমে ২৪ মে. টন দেশী ও ২৬ মে. টন তোষার বিভিন্ন জাতের মোট ৫০ মে. টন ভিত্তি পাট বীজ এবং ৫৮০ মে. টন দেশী ও ৬২০ মে. টন তোষাসহ মোট ১২০০ মে. টন মানঘোষিত/প্রত্যায়িতসহ সর্বমোট ১,২৫০ মে. টন পাট বীজ উৎপাদন করবে (বিস্তারিত পরিশিষ্ট-গ)।<br>(২) ২০০৭-০৮ ও ২০০৮-০৯ মৌসুমে বিজেআরআই যথাক্রমে ১,৩০০ কেজি ও ১,৩০০ কেজি মৌল বীজ বিএডিসি'কে সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট-গ)।<br>(৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও কৃষি তথ্য সার্ভিস কর্মসূচী অনুযায়ী উৎপাদিত সমুদয় পাট বীজ বিক্রয়ের লক্ষ্যে "ক্যাম্পেন" আকারে সর্বাত্মক প্রচার কর্মসূচী গ্রহণ করবে। | বিএডিসি<br>বিজেআরআই<br>এআইএস |

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সি.কিউ.কে মুসতাক আহমদ)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ)
কৃষি মন্ত্রণালয়
ও
সভাপতি, সীড প্রমোশন কমিটি

পরিশিষ্ট - ক

# ০৭/০২/০৭ ইং তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৩৯তম সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা

(স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম | পদবী ও সংস্থার নাম | টেলিফোন নম্বর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আবদুল বারী | পরিচালক (সরেজমিন), ডিএই | ৮১২৩১৪৭ |
| ২ | ডা. দিল আফরোজ হক | যুগ্ম-সচিব (নিরীক্ষা), কৃষি মন্ত্রণালয় | ৭১৬৬০৮৭ |
| ৩ | জনাব মোঃ শাহাবউদ্দিন | মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি ও সদস্য-সচিব, সীড প্রমোশন কমিটি | ৯৫৫২৩১৭ |
| ৪ | জনাব মোঃ আসাদুজ্জামান | পরিচালক (কৃষি), বিজেআরআই | ৯১১৬০৯৬ |
| ৫ | জনাব মোঃ নুরুজ্জামান | অতিঃ মহা-ব্যবস্থাপক (কঃ গ্রোঃ), বিএডিসি | ৯৫৬৪০৬৪ |
| ৬ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | প্রকল্প ব্যবস্থাপক (বীআমক), বিএডিসি | ৯৫৫১৫৪১ |
| ৭ | জনাব মোঃ আবুল হোসেন | ব্যবস্থাপক (কর্মসূচী), বিএডিসি | ৯৫৫২৫১২ |
| ৮ | জনাব চন্দন কুমার সাহা | পিএসও/বিজেআরআই | ৯১৩৪৫৯৩ |
| ৯ | জনাব মোঃ শাহ আলম | অতিঃ মহা-ব্যবস্থাপক (বীপ্রস), বিএডিসি | ০১৭২১-৫৬৫৭৩৯ |
| ১০ | জনাব জাহাঙ্গীর খুরশিদ | অতিঃ মহা-ব্যবস্থাপক (খামার), বিএডিসি | ৯৫৫২৬০২ |
| ১১ | জনাব মোঃ আজিজুল হক | উপ-পরিচালক (সংগনিরোধ), উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ী | ৯১৩১২৯৬ |
| ১২ | জনাব আনোয়ারুল হক | সীড ফেডারেশন অব বাংলাদেশ | ০১৫২-৪৪৮৭৪৮ |
| ১৩ | জনাব মোঃ আবু জাফর | প্রধান তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী | ৮১৩০৪৭২ |
| ১৪ | জনাব মোঃ আখতার হোসেন সরকার | মূখ্য বীজ প্রযুক্তিবিদ, জাতীয় বীজ পরীক্ষাগার ও পরিচালক (ভারপ্রাপ্ত) | ৯২৫২০৩৩ |
| ১৫ | ড. মোঃ আজিজুর রহমান | মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান, বিএআরআই, গাজীপুর | ৯২৫২০৪৯, ০১৫২-৩৫৬৭৭১ |
| ১৬ | ড. মোঃ খায়রুল বাশার | প্রকল্প পরিচালক (জীন ব্যাংক), ব্রি, গাজীপুর | ৯২৫৭৪০১-৫ |
| ১৭ | ডঃ মোহাম্মদ হোসেন | পরিচালক (গবেষণা), বিনা, ময়মনসিংহ | ০৯১-৫৪০৪৬ |
| ১৮ | জনাব মোঃ এরশাদ হোছাইন খান | অতিঃ পরিচালক (সরেজমিন), ডিএই | |

# ২০০৭-০৮ মৌসুমে আউশ ধান বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণী সভার কার্যপত্র

| বিতরণ লক্ষ্যমাত্রা (টন) ২০০৬-০৭ (মার্চ'২০০৭) | প্রকৃত বিতরণ (টন) | | | | | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা (টন) | | | উৎপাদন লক্ষ্যমাত্রা - ২০০৭-০৮ (টন) (মার্চ '২০০৭) | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ২০০৪-২০০৫ | ২০০৫-২০০৬ | ২০০৬-০৭ (মার্চ'২০০৭) লক্ষ্যমাত্রা | ২০০৬-০৭ (মার্চ'২০০৭) প্রাপ্যতা | জাত | ২০০৬-০৭ (মার্চ '০৭) | ২০০৭-০৮ (মার্চ '০৮) | জাত | ভিত্তি | প্রত্যা/ মাঃ ঘোঃ | জাত | ২০০৭-০৮ (মার্চ'০৬ | ২০০৮-০৯ (মার্চ'০৭ |
| ক) পিপি অনুযায়ী | বিআর-৩ | ৯২ | ৯৬ | ১৮৫ | ২৬০ | বিআর-১ | ৬০ | ৮০ | বিআর-৩ | ২০ | ৮০ | বিআর-৩ | ২০০ | ২০০ |
| ভিত্তি - ৬০ | বিআর-১৪ | ৯৭ | ২৫ | ২২০ | ১৮২ | বিআর-২ | ৫০ | ৬০ | বিআর-১৪ | ২০ | ২১৮ | বিআর-১৪ | ২০০ | ২০০ |
| মানঘোষিত - ৯৪০ | বিআর-২১ | ৪৪ | ২৩১ | ৫২ | ৪৭.৫ | বিআর-৩ | ২৫০ | ২৬০ | বিআর-১৬ | ১০ | - | বিআর-১৬ | ১০০ | ১০০ |
| মোট - ১০০০ | বিআর-২৬ | ২০৩ | ১৮ | ১৯৭ | ১৮৪ | বিআর-১৪ | ৪২০ | ৪৪০ | বিআর-২১ | ২ | - | বিআর-২১ | ২০ | ২০ |
| | ব্রিধান-২৭ | ১২ | ১০২ | ৫২ | ৫২ | বিআর-১৬ | ৩৫ | ৫০ | বিআর-২৬ | ২০ | ১৪৩ | বিআর-২৬ | ২০০ | ২০০ |
| | ব্রিধান-৪২ | - | - | ২ | ২.৫ | বিআর-২০ | ৩০ | ৪০ | ব্রিধান-২৭ | ১০ | - | ব্রিধান-২৭ | ১০০ | ১০০ |
| | ব্রিধান-৪৩ | - | - | ২ | ২.০ | বিআর-২১ | ১০০ | ১১০ | ব্রিধান-৪২ | ৮ | ১২০ | ব্রিধান-৪২ | ৮০ | ৮০ |
| | | | | | | বিআর-২৪ | ৭৫ | ৯০ | ব্রিধান-৪৩ | ১০ | ৭৯ | ব্রিধান-৪৩ | ১০০ | ১০০ |
| | | | | | | বিআর-২৬ | ৩৪০ | ৬৫০ | | | | | | |
| | | | | | | ব্রিধান-২৭ | ৫২০ | ৫৩০ | | | | | | |
| | | | | | | ব্রিধান-২৮ | ১৮০ | ১৯০ | | | | | | |
| | মোট ঃ | ৪৪৮ | ৪৭২ | ৭১০ | ৭৩০ | | ২০৬০ | ২৫০০ | | ১০০ | ৬৪০ | | ১০০০ | ১০০০ |

১। ২০০৭-০৮ সালের আউশ ধান বীজের প্রস্তাবিত উৎপাদন লক্ষ্যমাত্রা (মে. টনে)

| জাত | শ্রেণী | | | মোট |
|---|---|---|---|---|
| | ভিত্তি | প্রত্যায়িত | মানঘোষিত | |
| বিআর-৩ | ২০ | ৮০ | - | ১০০ |
| বিআর-১৪ | ২০ | ১৯৮ | ২০ | ২৩৮ |
| বিআর-১৬ | ১০ | - | - | ১০ |
| বিআর-২১ | ২ | - | - | ২ |
| বিআর-২৬ | ২০ | ১৩৩ | ১০ | ১৬৩ |
| ব্রিধান-২৭ | ১০ | - | - | ১০ |
| ব্রিধান-৪২ | ৮ | ১২০ | - | ১২৮ |
| ব্রিধান-৪৩ | ১০ | ৭৯ | - | ৮৯ |
| মোট ঃ | ১০০ | ৬১০ | ৩০ | ৭৪০ |

২। ২০০৬-০৭ সালে ভিত্তি আউশ ধান বীজের প্রাপ্যতা (কেজি) (মার্চ ২০০৭)

| জাত | পরিমাণ |
|---|---|
| বিআর-৩ | ২০,০৯১ |
| বিআর-১৪ | ২৭,৩১২ |
| বিআর-২১ | ২,১৩৫ |
| বিআর-২৬ | ৭,৯৮৯ |
| ব্রিধান-২৭ | ২,৫৩৫ |
| ব্রিধান-৪২ | ২,৫০০ |
| ব্রিধান-৪৩ | ২,৮১০ |
| | |
| মোট ঃ | ৬৫,৩৭২ |

পরিশিষ্ট-"গ"

# ২০০৭-০৮ উৎপাদন বর্ষের বিএডিসি কর্তৃক পাট বীজের উৎপাদন ও বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণী সভার কার্যপত্র

| বিতরণ লক্ষ্যমাত্রা ২০০৬-০৭ (টন) (মার্চ'২০০৭) | প্রকৃত বিতরণ (টন) | | | | | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা (টন) | | | উৎপাদন লক্ষ্যমাত্রা - ২০০৭-০৮ (টন) (মার্চ '২০০৭) | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ২০০৪-২০০৫ | ২০০৫-২০০৬ | ২০০৬-০৭ (মার্চ ২০০৭) | | জাত | ২০০৬-০৭ (মার্চ '০৭) | ২০০৭-০৮ (মার্চ '০৮) | জাত | ভিত্তি | প্রত্যা/ মানঘোষিত | জাত | ২০০৭-০৮ (মার্চ'০৭ | ২০০৮-০৯ (মার্চ'০৮ |
| | | | | লক্ষ্যমাত্রা | প্রাপ্যতা | | | | | | | | | |
| ক) পিসিপি অনুযায়ী | সিভিএল-১ | ৫৮ | ১৫৪ | ৪৭০ | ৪৫৩ | ডি-১৫৪ | ১৫০ | ১৫০ | সিভিএল-১ | ১৮ | ৪৮০ | সিভিএল-১ | ৬৫০ | ৬৫০ |
| ভিত্তি -দেশী - ২৪ | সিভিই-৩ | ১ | - | - | - | সিভিএল-১ | ৫০০ | ৫০০ | সিভিই-৩ | - | - | সিভিই-৩ | - | - |
| তোষা - ২৬ | বিজেসি-৮৩ | - | - | - | - | এটম | ২৫ | ২৫ | বিজেসি-৭৩৭০ | ৬ | ১০০ | বিজেসি-৭৩৭০ | ১০০ | ১০০ |
| মোট - ৫০ | বিজেসি-৭৩৭০ | - | ১৯ | ৮০ | ১১৩ | | | | | | | | ৭৫০ | ৭৫০ |
| | মোট দেশী ঃ | ৫৯ | ১৭৩ | ৫৫০ | ৫৭০ | | ৬৭৫ | ৬৭৫ | | ২৪ | ৫৮০ | | | |
| প্রত্যায়িত | | | | | | | | | ও-৭২ | ১৪ | ৩৬০ | ও-৭২ | ৩০০ | ৩০০ |
| দেশী - ৫৮০ | ও-৭২ | ৫ | ৮ | ১৯০ | ১০২ | ও-৪ | ১০০ | ১০০ | ও-৯৮৯৭ | ১২ | ২৬০ | ও-৯৮৯৭ | ২৫০ | ২৫০ |
| তোষা ৬২০ | ও-৯৮৯৭ | ১০০ | ৩১২ | ৪৬০ | ৪৩৭ | ও-৭২ | ২০ | ২৫ | ওএম-১ | - | - | ওএম-১ | - | - |
| মোট - ১২০০ | ওএম-১ | - | - | - | - | ও-৯৮৯৭ | ২০৫ | ২০৫ | | ২৬ | ৬২০ | | ৭৫০ | ৭৫০ |
| | মোট তোষা ঃ | ১০৫ | ৪২০ | ৬৫০ | ৫৩৯ | | ৩২৫ | ৩৩০ | | ৫০ | ১২০০ | | ১৩০০ | ১৩০০ |
| | মোট পাট ঃ | ১৬৪ | ৫৯৩ | ১২০০ | ১১০৯ | | ১০০০ | ১০০৫ | | | | | | |

১। বিগত ৩ বছরের ব্রিডার বীজের চাহিদা ও সরবরাহ (কেজি)

| জাত | ২০০৪-২০০৫ (মার্চ '০৪) | | ২০০৫-২০০৬ (মার্চ '০৫) | | ২০০৬-২০০৭ (মার্চ ' ০৬) | |
|---|---|---|---|---|---|---|
| | চাহিদা | সরবরাহ | চাহিদা | সরবরাহ | চাহিদা | সরবরাহ |
| সিভিএল-১ | ৮০০ | ৬৪১ | ৮০০ | ৬০০ | ৮০০ | ৭৭৫ |
| সিভিই-৩ | ৫ | ৩ | ৫ | ৩ | ৫ | ১০ |
| বিজেসি-৮৩ | - | ১৫ | - | ১৫ | ১৫ | ১০ |
| বিজেসি-৭৩৭০ | ২৫ | ১৫ | ২৫ | ১৫ | - | - |
| মোট দেশী ঃ | ৮৩০ | ৬৭৪ | ৮৩০ | ৬৩৩ | ৮৩০ | ৭৮৫ |
| ও-৪ | - | - | - | - | - | - |
| ও-৯৮৯৭ | ৪০০ | ২৪০ | ৪০০ | ২৪০ | ৪০০ | ৪০০ |
| ওএম-১ | - | ৬ | - | ৬ | - | - |
| ও-৭২ | ৫০ | ১৫ | ৫০ | ১৫ | ৫০ | ১০০ |
| মোট তোষা ঃ | ৪৫০ | ২৬১ | ৪৫০ | ২৬১ | ৪৫০ | ৫০০ |
| মোট পাট ঃ | ১২৮০ | ৯৩৫ | ১২৮০ | ৮৯৪ | ১২৮০ | ১২৮৫ |

২। ২০০৬-০৭ সালের ভিত্তি বীজের প্রাপ্যতা (ফেব্রুয়ারি '২০০৭)

| জাত | পরিমাণ (কেজি) |
|---|---|
| সিভিএল-১ | ৩২০০০ |
| সিভিই-৩ | ১০০ |
| বিজেসি-৮৩ | - |
| বিজেসি-৭৩৭০ | ২৫০০ |
| মোট দেশী ঃ | ৩৪৬০০ |
| ও-৪ | - |
| ও-৯৮৯৭ | ১২৫০০ |
| ওএম-১ | - |
| ও-৭২ | ৬০০০ |
| মোট তোষা ঃ | ১৮৫০০ |
| মোট পাট ঃ | ৫৩১০০ |